দৈনিক সংবাদ

তারিখ 20 MAY 1995
পৃষ্ঠা ১ কলাম ৮

জরিপের তথ্য

# একটি স্কুলের ৮০ ভাগ শিক্ষার্থীই গলগণ্ডে আক্রান্ত

ময়মনসিংহ, ১৯শে মে (নিজস্ব সংবাদ-দাতা)।– ময়মনসিংহ জেলার গৌরীপুর থানার কলতাপাড়া প্রাথমিক বিদ্যালয়ের শতকরা ৮০ ভাগ শিক্ষার্থী আয়োডিনের অভাবে গলগণ্ড রোগে ভুগছে।

সম্প্রতি ময়মনসিংহ পরমাণু চিকিৎসা কেন্দ্রের উদ্যোগে এক জরিপের প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করা হয়েছে। পরমাণু চিকিৎসা কেন্দ্রের ৫ জন বিশেষজ্ঞ ময়মনসিংহ শহর ও শম্ভুগঞ্জ এবং গৌরীপুর থানার কয়েকটি স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে এই জরিপকার্য পরিচালনা করেন। বিশেষজ্ঞ দলটি ১২ শতাধিক ছাত্রছাত্রীর মধ্যে এ পরীক্ষামূলক জরিপ করেন। কলতাপাড়া প্রাথমিক বিদ্যালয়ের

গলগণ্ড : পৃঃ ২ কঃ ৭

## গলগণ্ড : আক্রান্ত

(১ম পৃষ্ঠার পর)

ছাত্রছাত্রীদের পরীক্ষা করে শতকরা ৮০ ভাগ ছাত্রছাত্রীর মধ্যে গলগণ্ড রোগের লক্ষণ পাওয়া গেছে।

বিশেষজ্ঞ দলটি পর্যায়ক্রমে জেলার বিভিন্ন থানার বিদ্যালয়সমূহে জরিপ পরিচালনা করবে।

বিশেষজ্ঞ দলের সাথে যোগাযোগ করে জানা গেছে, যারা সবেমাত্র গলগণ্ড রোগে আক্রান্ত হয়েছে তারা আয়োডিনযুক্ত লবণ ও চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধ সেবন করলে আরোগ্য লাভ করবে। বিশেষজ্ঞ দলের জনৈক চিকিৎসক জানান, সামুদ্রিক মাছ ও আয়োডিনযুক্ত লবণ খেলে এ রোগ সহজে হয় না।

ব্রহ্মপুত্র ও যমুনা অববাহিকায় আয়োডিন ঘাটতি থাকার কারণে এই এলাকায় গলগণ্ড রোগে আক্রান্তের সংখ্যা অন্যান্য এলাকার চেয়ে বেশি।

জানা গেছে, পরমাণু চিকিৎসা কেন্দ্র সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করছে।